# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২০৯

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقَاق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفصْلُ الثَّالِثُ

---

আরবী

وَعَنْ عَلِيٍّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا لَمْ يُبَارَكْ لِلْعَبْدِ فِي مَالِهِ جَعَلَهُ فِي المَاء والطين»

اسناده ضعيف جذا ، رواه البيهقی فی شعب الایمان (10719 ، نسخۃ محققۃ : 10234) * فیہ عبد الاعلی بن ابی المساور (متروک) عن خالد الاحول عن علی الخ و فی السند علۃ أخری ۔
(ضَعِيف)

বাংলা

৫২০৯-[৫৫] ’আলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: যখন কোন ব্যক্তির ধন-সম্পদে বারাকাত দান করা না হয়, তখন সে তাকে পানি ও মাটিতে ব্যয় করে।

ফুটনোট

খুবই দুর্বল : কারণ সানাদে ‘আবদুল আ'লা ইবনু আবুল মুসাবিরকে হাফিয ইবনু হাজার ‘আসক্বালানী (রহ.) মাতরূক বলেছেন, আর ইবনু মাঈন তাকে মিথ্যুক বলেছেন, আর খালিদ আল আহওয়াল-কে আমি চিনি না। দেখুন- য'ঈফাহ্ ১৯১৯, শুআবুল ঈমান ১০৭১৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা : যখন কোন বান্দা আল্লাহর সন্তুষ্টি অর্জনের জন্য সম্পদ ব্যয় করবে না, পরকাল বিনির্মাণে খরচ করবে না

এবং ভালো মাল ব্যয় করবে না তখন তার সম্পদ যে পথেই সে খরচ করুক না কেন তা হবে মাটি ও পানিতে ফেলা ধ্বংসের শামিল।

দুনিয়া হলো মাটি আর পানি, অতএব আল্লাহর অভিপ্রেত পথ পরিহার করে দুনিয়া সর্বস্ব জীবনের জন্য খরচের হিসাব হলো মাটি আর পানিতে ফেলে দেয়া। (মিরক্বাতুল মাফাতীহ, লু'আহ্ আত্ তানকীহ ফী শারহে মিশকাতিল মাসাবীহ ৮ম খণ্ড, ৪৪০ পৃ.)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85189

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন